

বীরভূম জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিমিটেড

নিবন্ধন সংখ্যা -২১, তাং- ২৯/১২/১৯৬২

ঠিকানা - সিউড়ি, বীরভূম, পিন- ৭৩১১০১ -

স্মারক সংখ্যাঃ Elec./ARO/6

তারিখঃ 26/10/2022

### খসড়া প্রতিনিধি তালিকা সংক্রান্ত বিজ্ঞপ্তি

সমবায় সমিতি সমূহের যুগ্ম-নিবন্ধক তথা বীরভূম জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিমিটেড -এর রিটার্নিং অফিসারের আদেশ নং ১২/IV-৫৪৪/৪২/২০১২(Elec) তাং ০৫/০১/২০২২ দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হয়ে আমি শ্রী শ্যামল কান্তি বিশ্বাস, সমবায় উন্নয়ন আধিকারিক তথা সহকারী রিটার্নিং অফিসার, বীরভূম জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিমিটেড-এর সকল সদস্যদের জানাচ্ছি যে, উক্ত ব্যাঙ্কের সাধারণ সভার জন্য পরিচালক মণ্ডলীর সদস্য নির্বাচন উপলক্ষে বিজ্ঞপ্তির সঙ্গে খসড়া প্রতিনিধি তালিকা সংযোজিত হল যা এই বিজ্ঞপ্তির অংশ হিসাবে পরিগণিত হবে। আগামী ২৮/১০/২০২২ তারিখে খসড়া প্রতিনিধি তালিকা প্রকাশিত হবে এবং উক্ত তালিকা ০৬/১১/২০২২ পর্যন্ত ব্যাঙ্কের অফিসে টাঙানো থাকবে।

এই প্রতিনিধি তালিকা সংক্রান্ত কোনো সংযোজন / সংশোধন কিংবা বিয়োজন বিষয়ে কোনো সদস্যের কোনো বক্তব্য থাকলে অভিযোগের স্বপক্ষে প্রমাণ তথ্যাদি সহ আবেদনকারী নিজে অথবা তাঁর দ্বারা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি লিখিতভাবে আগামী ২৮/১০/২০২২ তারিখ থেকে ০৬/১১/২০২২ তারিখ পর্যন্ত ব্যাঙ্কের অফিসে যেকোনো কাজের দিন দুপুর ১২.০০ ঘটিকা থেকে ৩.০০ ঘটিকার মধ্যে প্রাপ্তিস্বীকার স্বাপেক্ষে জমা দিতে পারবেন।

উপরোক্ত বক্তব্যের উপর আগামী ০৭/১১/২০২২ তারিখে দুপুর ১২.০০ ঘটিকা থেকে সহকারী রিটার্নিং অফিসার দ্বারা ব্যাঙ্কের অফিস গৃহে শুনানি হবে। ব্যক্তিগত ভাবে ঐ দিন অভিযোগকারীকে উপস্থিত থাকতে বলা হচ্ছে, অন্যথায় একতরফা সিদ্ধান্ত হবে। শুনানি শেষে চূড়ান্ত প্রতিনিধি তালিকা উক্ত দিনে (০৭/১১/২০২২) ব্যাঙ্কের নোটিস বোর্ডে প্রকাশিত হবে।

নির্বাচন সংক্রান্ত নিম্নট এই বিজ্ঞপ্তির সাথে সংযোজিত হল।

তাং. ২৬/১০/২০২২

স্থান- সিউড়ি, বীরভূম

সহকারী রিটার্নিং অফিসার

(শ্রী শ্যামল কান্তি বিশ্বাস)

বীরভূম জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিমিটেড

(SHYAMAL KANTI BISWAS)  
Assistant Returning Officer  
BDCCB Ltd.

বীরভূম জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের পরিচালক মণ্ডলীর নির্বাচনী নির্ঘন্ট :-

ক্রমিক নং	বিষয়	তারিখ	সময়	স্থান
১	ডেলিগেট প্রস্তাব গ্রহণ	১৩/০৯/২০২২ - ১৪/১০/২০২২	সকাল ১১ টা - বিকেল ৩ টে	বীরভূম জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের মূখ্য কার্যালয়, সিউড়ি
২	খসড়া প্রতিনিধি তালিকা প্রকাশ এবং প্রতিনিধি তালিকার সংযোজন/বিয়োজন/সংশোধনের নোটিস	২৮/১০/২০২২	সকাল ১১ টা - বেলা ২ টো	ঐ
৩	প্রতিনিধি তালিকার সংযোজন/বিয়োজন/সংশোধনের তারিখ	২৮/১০/২০২২ - ০৬/১১/২০২২	সকাল ১১ টা - বেলা ২ টো	ঐ
৪	প্রতিনিধি তালিকার সংযোজন/বিয়োজন/সংশোধন সংক্রান্ত গুনানি	০৭/১১/২০২২	সকাল ১০ টা - বিকেল ৩ টে	ঐ
৫	চূড়ান্ত প্রতিনিধি তালিকা প্রকাশ এবং নির্বাচন নির্ঘন্টের নোটিস	০৭/১১/২০২২	বিকেল ৫ টা	ঐ
৬	মনোনয়ন পত্র বিলি ও পেশ	০৯/১১/২০২২ - ১০/১১/২০২২	সকাল ১১ টা - বেলা ২ টো	ঐ
৭	মনোনয়ন পত্র বিলির শেষ তারিখ	১০/১১/২০২২	সকাল ১১ টা - বেলা ২ টো	ঐ
৮	মনোনয়ন পত্র পরীক্ষা	১১/১১/২০২২	সকাল ১১ টা - বিকেল ৪ টে	ঐ
৯	বৈধ মনোনয়ন পত্রের তালিকা প্রকাশ	১১/১১/২০২২	বিকেল ৫ টা	ঐ
১০	মনোনয়ন পত্র ও প্রার্থীপদ প্রত্যাহার	১২/১১/২০২২	সকাল ১১ টা - বেলা ৩ টে	ঐ
১১	প্রত্যাহার শেষে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ	১২/১১/২০২২	বিকেল ৫ টা	ঐ
১২	প্রয়োজন অনুসারে প্রতীক বন্টন	১৪/১১/২০২২	সকাল ১১ টা - বেলা ২ টো	ঐ
১৩	প্রয়োজন অনুসারে ভোট গ্রহণের তারিখ, সময় ও স্থান	০৪/১২/২০২২	সকাল ১০ টা - বেলা ২ টো	ঐ
১৪	ভোট গননা	০৪/১২/২০২২	বেলা ২ টোর পর	ঐ
১৫	ফল ঘোষণা	০৪/১২/২০২২	ভোট গননার পর	ঐ
১৬	পদাধিকারী নির্বাচনের নোটিস	০৪/১২/২০২২	শংসাপত্র বিতরণের পর	ঐ
১৭	পদাধিকারী নির্বাচনের তারিখ	১৭/১২/২০২২	সকাল ১১ টা থেকে	ঐ

তাং. ২৬/১০/২০২২

স্থান- সিউড়ি, বীরভূম

সহকারী রিটার্নিং অফিসার

(শ্রী শ্যামল কান্তি বিশ্বাস)

বীরভূম জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিমিটেড  
(SHYAMAL KANTI BISWAS)  
Assistant Returning Officer  
BDCCB Ltd.